



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান কার্যালয়
"বরেন্দ্র ভবন", রাজশাহী-৬০০০।

০২৫-৮৮৮৬২৬৬৮.০২৫-৮৮৮৬৩৭৮৬
ফ্যাক্স : ৮৮-০২৫-৮৮৮৬১৮৯৭
ই-মেইল : bmdahq@bmda.gov.bd
ওয়েবসাইট : www.bmda.gov.bd

কৃষি সমৃদ্ধি



নম্বর-১২.০৮.০০০০.০৪৩.৩১.৩৪৪.২২. ৫০৫৬

তারিখ: ২৫/০৭/২০২৪

অফিস আদেশ

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন দপ্তর সমূহে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিএমডিএ, নওগাঁ রিজিয়ন-২ দপ্তরে কর্মরত অবস্থায় মেকানিক শ্রী সুজিত কুমার কবিরাজ হৃদরোগে আক্রান্ত হয়ে গত ০৬/০৫/২০২৪ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ১০:৩০ ঘটিকায় পত্নীতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যাওয়ার পথে মৃত্যুবরণ করেন।

- ২। ইতোপূর্বে ০৯/০৩/১৯৯৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শোক সভায় উপস্থিত সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণের সর্বসম্মতিক্রমে গৃহীত ভবিষ্যতে মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর পরিবারকে মানবিক কারণে ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত রয়েছে। উক্ত সিদ্ধান্তের ধারাবাহিকতা বজায় রেখে কর্তৃপক্ষে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পক্ষ থেকে মৃত সুজিত কুমার কবিরাজ এর পরিবারকে ১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- ৩। উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক মৃত সুজিত কুমার কবিরাজ, মেকানিক এর পরিবারকে অর্থ প্রদানের নিমিত্ত জুলাই/ ২০২৪ মাসের বেতন হতে ১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের জন্য অনুরোধ করা হলো। উক্ত টাকা আদায় পূর্বক বিএমডিএ প্রধান কার্যালয়ের স্মারক নং-বিএমডিএ/ক্যাশ-১৬/২০২১-২২/৬৩৪১ তারিখ-২১/১১/২০২২ মোতাবেক জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী টাকা জমাদানের জন্য সংশ্লিষ্ট সকল আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ-কে অনুরোধ জানানো হলো।
- ৪। এ ব্যাপারে কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীগণের একান্ত সহযোগীতা কামনা করা যাচ্ছে।
- ৫। ইতোপূর্বে মৃত ব্যক্তির ১ দিনের টাকা এ কার্যালয়ে প্রেরণ করতে কিছু কিছু অফিস অনেক বিলম্ব করায় কর্তৃপক্ষের চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। কাজেই মৃত সুজিত কুমার কবিরাজ এর ১(এক) দিনের বেতনের টাকা আগামী ০৮/০৮/২০২৪ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।
যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

মোহঃ যোবায়ের হোসেন

সচিব

(সিনিয়র সহকারী সচিব)

পরিচিতি নম্বর-১৭০৯২

টেলিফোন-০২৫৮৮৮৬২৬২৭

ই-মেইল- admin@bmda.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা শাখা/ভূ-পরিস্থ পানি ও অবকাঠামো উন্নয়ন শাখা/সেচ শাখা, বিএমডিএ, রাজশাহী।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বিএমডিএ, প্রধান কার্যালয়/ঠাকুরগাঁও/রংপুর সার্কেল (সকল)।
- ৪। ব্যবস্থাপক (কৃষি), বিএমডিএ, রাজশাহী।
- ৫। নির্বাহী প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বিএমডিএ, রিজিয়ন/প্রধান কার্যালয় (সকল)।
- ৬। মনিটরিং অফিসার, বিএমডিএ, রাজশাহী।
- ৭। প্রোগ্রামার, বিএমডিএ, রাজশাহী। কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।
- ৮। সিনিয়র কেমিস্ট, বিএমডিএ, রাজশাহী
- ৯। হিসাব নিয়ন্ত্রক, বিএমডিএ, রাজশাহী।
- ১০। সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক (কৃষি), বিএমডিএ, জোন (সকল)।
- ১১। জনসংযোগ কর্মকর্তা, বিএমডিএ, রাজশাহী।
- ১২। সহকারী নিরীক্ষা কর্মকর্তা, বিএমডিএ, রাজশাহী।
- ১৩। জনাব.....
- ১৪। অফিস কপি।

অধীনস্থ কার্যালয়ে বিষয়টি অবহিত করা সহ টাকা জমার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

টাকা জমার বিষয়টি তদারকী করার জন্য অনুরোধ করা হলো।